

নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৩

২০১৩ সনের ২১ নং আইন

[১২ জুন, ২০১৩]

২০১৩ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু ২০১৩ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

সংক্ষিপ্ত শিরোনাম

২। ২০১৩ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যে সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ১১০০০, ৫৫, ১১,০০০ (এগার হাজার কোটি পঞ্চগ্ন লক্ষ এগার হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

২০১২-২০১৩ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১১০০০, ৫৫, ১১, ০০০ (এগার হাজার কোটি পঞ্চগ্ন লক্ষ এগার হাজার) টাকা প্রদান

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৩ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

নির্দিষ্টকরণ

তফসিল
(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	কার্য ও উদ্দেশ্যসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
০	রাষ্ট্রপতির কার্যালয়	১,৪৫,৭৪	০	১,৪৫,৭৪
০১	জাতীয় সংসদ	৩,২৯,৮৯	-১,০৯,০০	২,২০,৮৯
০৩	মন্ত্রিপরিষদ বিভাগ	০	৯,০৯,৪০	৯,০৯,৪০
০৫	জনপ্রশাসন মন্ত্রণালয়	০	২৮,২২,৫৩	২৮,২২,৫৩
০৬	সরকারি কর্ম কমিশন	৫,৮৫,৭৯	০	৫,৮৫,৭৯
০৯	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	০	৫৮৭,৭২,৫৪	৫৮৭,৭২,৫৪
১০	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	২৪৭,৪১,১২	৬২,৮০	২৪৮,০৩,৯২
১৪	বাণিজ্য মন্ত্রণালয়	০	৩৩,০৬,৯৫	৩৩,০৬,৯৫
১৫	পররাষ্ট্র মন্ত্রণালয়	০	৯,৬৩,৩৮	৯,৬৩,৩৮
১৬	প্রতিরক্ষা মন্ত্রণালয়	-৯৬,১৫,১২	৬৯৯,৪৮,১৬	৬০৩,৩৩,০৪
১৮	আইন ও বিচার বিভাগ	০	৪০,৭২,৪৬	৪০,৭২,৪৬
১৯	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	০	৪৩৮,২২,০২	৪৩৮,২২,০২
২৭	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০	২৭,৭৪,৫২	২৭,৭৪,৫২
৩০	তথ্য মন্ত্রণালয়	০	১৩,৪৬,৯৭	১৩,৪৬,৯৭
৩২	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	৪৯,২৬,৫৭	৪৯,২৬,৫৭
৩৩	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০	১০৪,৬৪,১৭	১০৪,৬৪,১৭
৩৪	স্থানীয় সরকার বিভাগ	০	৭৮৭,৫০,৮৮	৭৮৭,৫০,৮৮
৩৫	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	০	৮৯,৬২,৮১	৮৯,৬২,৮১

১	২	৩	৪	৫
৩৯	কৃষি মন্ত্রণালয়	০	৫৯৬৬,৮১,৮৮	৫৯৬৬,৮১,৮৮
৪৫	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	০	৩১,৫৭,১১	৩১,৫৭,১১
৪৬	সড়ক বিভাগ	০	১২১৮,১৬,০০	১২১৮,১৬,০০
৫২	বিদ্যুৎ বিভাগ	০	৬৭১,২৬,৭১	৬৭১,২৬,৭১
০	সুপ্রীম কোর্ট	৫১,৫০	১৩,৫৩,৯৬	১৪,০৫,৪৬
৫৩	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	০	৪,৫৫,৯৩	৪,৫৫,৯৩
৫৪	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	০	১১,৬৩,৬৬	১১,৬৩,৬৬
৫৫	দুর্নীতি দমন কমিশন	০	২,৬৩,৭৮	২,৬৩,৭৮
	মোট মঞ্জুরী ও বরাদ্দের দাবী	১৬২,৩৮,৯২	১০৮৩৮,১৬,১৯	১১০০০,৫৫,১১